



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩৪.২০১৮/৬০৬/২

তারিখ: ১২/০৮/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: সাময়িক বরখাস্তকালীন বকেয়া প্রদান।

সূত্র: অধ্যক্ষের পত্র নং-নাই; তারিখ: ২৫/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন এম এ হাসেম কলেজের অধ্যক্ষ জনাব মোঃ ইসহাক সিকদার এর সাময়িক বরখাস্তকৃত অবস্থায় ৬০ দিনের বেশি হওয়ায় পূর্ণাঙ্গ বেতন ও অন্যান্য ভাতা প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন। জেলা প্রশাসক, নোয়াখালী কর্তৃক প্রেরিত বিভিন্ন অভিযোগের তদন্ত প্রতিবেদনের সুপারিশ মোতাবেক তাঁকে ২০/০৬/২০১৯ খ্রি. তারিখ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৮/২০১৭ খ্রি. তারিখের পরিপত্রের নির্দেশ বাস্তবায়নপূর্বক বকেয়াসহ তার পূর্ণাঙ্গ বেতন ভাতাদির বিল করার জন্য অনুরোধ করেন। সে প্রেক্ষিতে মতামতের জন্য নথিটি অত্র অধিদপ্তরের আইন শাখায় প্রেরণ করা হয়।

আইন শাখার মতামত: নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন এম এ হাসেম কলেজটি ডিগ্রি পর্যায়ের কলেজ। ডিগ্রি পর্যায়ের কলেজের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৮/২০১৭ খ্রি. তারিখের পত্রটি কার্যকর নয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে আইন শাখার মতামত নির্দেশক্রমে অবহিত করা হলো।

১৪.৪.২০২০

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

এম এ হাসেম কলেজ

বেগমগঞ্জ, নোয়াখালী

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, এম এ হাসেম কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী
- ২। সংরক্ষণ নথি।